দৈনিক ইত্তেফাক

তারিখ 06 MAY 1993
পৃষ্ঠা ... কলাম ...

# সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির ১২ দফা পূরণের দাবী

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির চেয়ারম্যান আল-হাজ্ব আবদুল জলিল ও সেক্রেটারী জেনারেল মতিউর রহমান এক যুক্ত বিবৃতিতে সহকারী শিক্ষকদের পদোন্নতি প্রদান করিয়া সহকারী প্রধান শিক্ষকদের শূন্য পদ পূরণে অস্বাভাবিক বিলম্ব হওয়ায় এবং অনেকে ইতিমধ্যে অবসর গ্রহণ করায় গভীর উদ্বেগ প্রকাশ করেন। তাহারা অবিলম্বে সহকারী শিক্ষকদের পদোন্নতি এবং সহকারী শিক্ষকদের প্রথম শ্রেণীর গেজেটেড পদমর্যাদা প্রদান করাসহ সমিতির ১২ দফা দাবী মানিয়া নেওয়ার জন্য কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।—প্রেস বিজ্ঞপ্তি